নির্বাচনে ৩০০ আসনে প্রার্থী দেবে তৃণমূল বিএনপি:শমসের মুবিন

চেম্বার ডেস্ক:: দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তৃণমূল বিএনপি ৩০০ আসনেই নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছেন দলটির চেয়ারপারসন শমসের মুবিন চৌধুরী। তিনি বলেন, আমরা আগামী জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করব। ৩০০ আসনেই প্রার্থী দেওয়ার চেষ্টা করছি।

আজ বুধবার (০৮ নভেম্বর) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শমসের মুবিন চৌধুরী বলেন, আমরা জ্বালাও পোড়াও রাজনীতিতে বিশ্বাস করি না। আমরা সুষ্ঠু রাজনীতিতে বিশ্বাস করি। আমরা হত্যার রাজনীতি সহিংসতাকে সমর্থন করি না। সুষ্ঠু রাজনীতি হবে সুশানসের ভিত্তি। নির্বাচনে কমিশনকে ক্ষমতা দেওয়া হয়েছে তা অক্ষরে অক্ষের পালন করবে এটা আমাদের দাবি।

তিনি বলেন, দলীয় নিয়ম নীতি মেনে দল পরিচালিত হবে। প্রাইভেট কোম্পানি হবে না। তৃণমূল বিএনপি হবে বাংলাদেশের তৃণমূল কংগ্রেস।

অনুষ্ঠানে নেতারা বলেন, আমরা রাজনীতিতে গুণগত পরিবর্তন আনতে চাই। আমরা কেন্দ্র থেকে কোনো সিদ্ধান্ত চাপিয়ে দেব না, বরং তৃণমূলের সিদ্ধান্ত কেন্দ্র বাস্তবায়ন করবে। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে যারা জাতীয়তাবাদে বিশ্বাসী, যারা ধর্মীয় মূল্যবোধে বিশ্বাসী, যাদের বিরুদ্ধে মানি লন্ডারিং, স্থানীয়ভাবে জুলুম-নির্যাতনের অভিযোগ নাই এমন ব্যক্তিদের জন্য তৃণমূল বিএনপির দরজা সব সময় খোলা।